



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা কলেজ, ঢাকা-১২০৫



বিজ্ঞপ্তি

তারিখ:

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সনের ৩য় বর্ষ অনার্স (পুরাতন সিলেবাস) অনিয়মিত ও মানোন্নয়ন ২০১৭-১৮ শিক্ষাবর্ষের পূর্বের পরীক্ষার্থীদের ফরম পূরণের যাবতীয় কার্যক্রম অনলাইনের মাধ্যমে আগামী ২৫/০৩/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে। পরীক্ষার্থীদের পরীক্ষার ফি এর টাকা নগদ, বিকাশ, উপায় ও রকেটের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

পরীক্ষার ফরম পূরণের যাবতীয় নিয়মাবলীর জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (7college.du.ac.bd) অনুসরণ করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ


২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ সম্মান পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৯, ২০২০ ও ২০২১ সনের (পুরাতন সিলেবাস) ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২২ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও যে সকল পরীক্ষার্থী ২০১৯, ২০২০ ও ২০২১ (পুরাতন সিলেবাস) সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি সে সকল শিক্ষার্থী ২০২২ সালের ৩য় বর্ষ অনার্স (পুরাতন সিলেবাস) পরীক্ষায় তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

* মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু ৩য় বর্ষ পরীক্ষায় যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোনো একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০২১ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় যারা অনিয়মিত হিসেবে ১ম বারের মত অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২২ সালের ৩য় বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় গ্রেডউন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেডউন্নয়ন পরীক্ষা দিতে পারবে। এক্ষেত্রে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নয়নের সুযোগ পাবে না। উল্লেখ্য যে ব্যবহারিক মৌখিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই। এক্ষেত্রে কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নয়ন করতে ব্যর্থ হয় তা হলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:

২০০৯-১০, ২০১০-১১, ২০১১-২০১২, ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের যে সব শিক্ষার্থী ৩য় বর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড ও অনুপস্থিত আছে সে সকল পরীক্ষার্থী শুধু মাত্র F গ্রেড ও অনুপস্থিত কোর্সে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫০০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২০২২ সালের ৩য় বর্ষ অনার্স (পুরাতন সিলেবাস) পরীক্ষায় বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

* কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।


২২.০৩.২০২৪

(অধ্যাপক মোহাম্মদ ইউসুফ)


আইডি নং-৭৬৩৮

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা-১২০৫

ফোন: ০২-৯৬১৩৫৫৯

E-mail: dhakacollegeprincipal@gmail.com


২২/৩/২০২৪